



বাংলাদেশ কম্পিউটার সমিতি

BANGLADESH COMPUTER SAMITY

The ICT Industry Association of Bangladesh

12th Floor, Sonartori Tower, Plot # 12, Biponon C/A, Sonargaon Road, Dhaka – 1000, Bangladesh
Tel: +880 2 9670955/56, Fax: +880 2 9670955/56 Ext. 108 Email: secretariat@bcs.org.bd, samity@bcs.org.bd, URL:
www.bcs.org.bd

সংবাদ বিজ্ঞপ্তি

১৫ জুন, ২০১০

“আফটার সেল্‌স সার্ভিস” বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচির সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠান

১৩-১৪ জুন, ২০১০ তারিখ প্রতিদিন সকাল ৯.০০টা থেকে বিকাল ৫.০০টা পর্যন্ত বাংলাদেশ কম্পিউটার সমিতি ও আইসিটি বিজনেস প্রমোশন কাউন্সিলের যৌথ উদ্যোগে ঢাকার শের-ই-বাংলা নগরস্থ আইডিবি ভবনের মিটিং রুম নং-১ এ ‘আফটার সেল্‌স সার্ভিস’ শীর্ষক দুই দিনের এক প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়েছিল। উক্ত প্রশিক্ষণ কর্মসূচির সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠান আয়োজন করা হয় বিগত ১৪ জুন, ২০১০ তারিখ বিকাল ৬.০০টায় একই ভবনের সেমিনার রুমে। উক্ত প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণের প্রেক্ষিতে বিসিএস এর সদস্য প্রতিষ্ঠান সমূহের মোট ৩০ জন প্রশিক্ষার্থীকে সার্টিফিকেট প্রদান করা হয়।

সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাণিজ্য মন্ত্রণালয়ের রঞ্জানী বিষয়ক যুগ্ম সচিব জনাব মনোজ কুমার রায়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ কম্পিউটার সমিতির সভাপতি জনাব মোস্তাফা জব্বার। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ কম্পিউটার সমিতির মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন, সমিতির যুগ্ম-মহাসচিব জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল), আইসিটি বিজনেস প্রমোশন কাউন্সিলের নির্বাহী অফিসার জনাব মীর শরিফুল বাশার, প্রশিক্ষণ কর্মসূচির প্রশিক্ষক ও কন্টিনিউইং এডুকেশন সেন্টারের চিফ কন্সালটেন্ট জনাব এস.এম. মনজুরুল ইসলাম চৌধুরী এবং অন্যান্যরা। সন্মানিত প্রধান অতিথি জনাব মনোজ কুমার রায় তার বক্তব্যে বলেন যে, দেশকে তথ্য-প্রযুক্তি খাতে এগিয়ে নেয়ার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করতে পারে দেশের আইটি বিষয়ক প্রতিষ্ঠানগুলো। এর সাথে সংশ্লিষ্ট ব্যক্তির যখন গ্রাহক সেবার মান উন্নয়ন করে সঠিকভাবে তা বাস্তবে প্রয়োগ করবে তখনই এর উন্নয়ন সম্ভব। তাই এ প্রশিক্ষণ কর্মসূচি অত্যন্ত অর্থবহ ও যুগোপযোগী উদ্যোগ। আপনারা একজন এ প্রশিক্ষণ গ্রহণ করলে অন্য আরও দশ জনকে প্রশিক্ষণ দিতে পারবেন। এভাবে আপনাদের এ জ্ঞান উন্নত সমাজ প্রতিষ্ঠায় কার্যকর অবদান রাখবে বলে আমি আশা করি। তিনি আরও বলেন, এ ধরনের অনুষ্ঠান আয়োজনে বিজনেস প্রমোশন কাউন্সিল সবসময় আপনাদের পাশে থাকবে। অনুষ্ঠানের সভাপতি জনাব মোস্তাফা জব্বার বলেন যে, এই প্রশিক্ষণ কর্মসূচি সফল ভাবে সম্পন্ন করা আইবিপিসি’র পক্ষ থেকে বড় ধরনের এক চেলঞ্জ ছিল। ঠিকভাবে পালন না করতে পারলে সমস্ত দায়ভার নিজ কাঁধে চলে আসত। সফলভাবে আয়োজন করতে পেয়ে আজ তাই আমি অত্যন্ত আনন্দিত। এজন্য আমি বিশেষ ভাবে সমিতির মহাসচিবের প্রতি কৃতজ্ঞতা জানাই। তিনি অনুষ্ঠানের প্রধান অতিথি জনাব মনোজ কুমার রায়ের প্রতি অনুরোধ করেন যাতে দেশের ভিতরে সফটওয়্যারের বাজার তৈরির লক্ষ্যে বিদেশ থেকে সফটওয়্যার আমদানির পরিমাণ কমানো হয়। তিনি বলেন, সকল শিক্ষাপ্রতিষ্ঠানে আমাদের দেশে তৈরি সফটওয়্যারের ব্যবহার বাড়াতে হবে, কারণ আইসিটি খাতের সবচেয়ে বড় বাজার হতে পারে এই শিক্ষাপ্রতিষ্ঠানগুলো। তিনি প্রশিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন যে আপনাদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণই প্রমাণ করে যে এই প্রশিক্ষণ আপনাদের জন্য অত্যন্ত ফলপ্রসূ হবে। আপনারা এই জ্ঞান যতবেশি আপনাদের জীবনে প্রয়োগ করবেন আমরা ততবেশি সফল হব। নিজ অবস্থান থেকে আপনারা সর্বোচ্চ কাজ করে যাবেন যাতে এই দেশ ডিজিটাল বাংলাদেশে রূপান্তরিত হয়। বক্তব্য শেষে তিনি আইবিপিসি’র প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। সমিতির মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রশিক্ষার্থীদের ধন্যবাদ জানান। সকলের বক্তব্য শেষে অনুষ্ঠানের প্রধান অতিথি জনাব মনোজ কুমার রায় প্রশিক্ষার্থীদেরকে সার্টিফিকেট প্রদান করেন।

এ কর্মসূচিতে যেসব বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে তা হল- কিভাবে ব্যবসায় উন্নতি করা যায়, গ্রাহকদের সাথে যোগাযোগ করার সঠিক পন্থা, তাদের বিভিন্ন সমস্যার সঠিক ও দ্রুত সমাধান, ওয়ারেন্টি ও নন-ওয়ারেন্টি ইস্যু ভিত্তিক আলোচনা, পন্যকে কিভাবে



Member: World Information Technology and Services Alliance (WITSA)



Member: Asian-Oceanian Computing Industry Organization (ASOCIO)



বাংলাদেশ কম্পিউটার সমিতি

BANGLADESH COMPUTER SAMITY

The ICT Industry Association of Bangladesh

12th Floor, Sonartori Tower, Plot # 12, Baponon C/A, Sonargaon Road, Dhaka – 1000, Bangladesh
Tel: +880 2 9670955/56, Fax: +880 2 9670955/56 Ext. 108 Email: secretariat@bcs.org.bd, samity@bcs.org.bd, URL:
www.bcs.org.bd

বিক্রয় যোগ্য হিসেবে উপস্থাপন করা যায়, কি উপায়ে সেবা দিলে গ্রাহক সন্তুষ্ট থাকবে এবং প্রতিষ্ঠানও লাভবান হবে, কিভাবে গ্রাহকের সাথে সুসম্পর্ক বজায় রাখা সম্ভব, বিজনেস পার্টনারের সাথে কিভাবে কাজ করা উচিত, গ্রাহক যদি বন্ধু বা আত্মীয় হয় সেক্ষেত্রে কি ধরনের কৌশল আবলম্বন করতে হয় ইত্যাদি। এগুলো বিষয়ে সরাসরি উপস্থাপনা, মাল্টিমিডিয়ায় উপস্থাপনা ছাড়াও ভিডিও উপস্থাপনে মাধ্যমে প্রশিক্ষণ দেয়া হয়।

সন্ধ্যা সাতটায় বিসিএস সভাপতি জনাব মোস্তাফা জব্বারের সমাপনী ভাষণের মধ্য দিয়ে এ অনুষ্ঠানটি শেষ হয়।

বার্তা প্রেরক:

নিহার পিয়া
প্রোগ্রাম অফিসার
বাংলাদেশ কম্পিউটার সমিতি



Member: World Information Technology and Services Alliance (WITSA)



Member: Asian-Oceanian Computing Industry Organization (ASOCIO)